



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৫.১৫-৬৩৬২

তারিখঃ ০৯/৩/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ **Loan Product** ওয়ারী প্রকল্প কার্যক্রমের ক্রমপুঞ্জিত তথ্যসহ সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও হিসাব সহকারীগণকে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার এর মাধ্যমে বাস্তবায়নের উদ্দেশ্যে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও হিসাব সহকারীগণদের একাধিক বার মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের কার্যক্রমের তথ্য MIS এবং AIS এ মাইগ্রেশন সম্পূর্ণ হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, প্রায় সকল উপজেলার কর্মকর্তা-কর্মচারীগণ প্রকল্প কার্যক্রমের তথ্য সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি/মাইগ্রেশনের মাধ্যমে সম্পূর্ণরূপে অটমেশনে কার্যক্রম পরিচালনা করতে না পারায়, মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার থেকে শতভাগ সুফল পাওয়া যাচ্ছে না। যেহেতু একাধিকবার প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাব সহকারীগণদের মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা সত্ত্বেও তারা নির্ভুলভাবে প্রকল্পের কার্যক্রমের তথ্য MIS এবং AIS এ মাইগ্রেশন ও পরিচালনা করতে পারছেন না, তাই তাদের নিজস্ব ব্যবস্থাপনায় ও ব্যক্তিগত খরচে প্রকল্প সদর দপ্তরে ডাটা সফট সিস্টেমস লিমিটেড ও প্রকল্পের কর্মকর্তাদের সহায়তায় মাইক্রোফাইন্যান্স সফটওয়্যারের MIS এবং AIS অংশ নির্ভুলভাবে মাইগ্রেশন/সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, নিম্নোক্ত তারিখে সংযুক্ত ছক মোতাবেক তথ্য ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্রসহ আপনার উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও হিসাব সহকারীকে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃ নং	জেলা নাম	উপজেলা নাম	তারিখ		মন্তব্য
			হইতে	পর্যন্ত	
১	যশোর	যশোর সদর, বিকরগাছা, অভয়নগর, চৌগাছা, বাঘারপাড়া, কেশবপুর, মনিরামপুর, শার্শা।	২০/৩/২০১৬	২১/৩/২০১৬	
২	ঝিনাইদহ, মাগুরা,	ঝিনাইদহ সদর, কালীগঞ্জ, কোটচাঁদপুর, শৌলকুপা, হড়িনাকুন্ডু, মহেশপুর, মাগুরা সদর, শালীখা, মোহাম্মদপুর, শ্রীপুর।	২২/৩/২০১৬	২৩/৩/২০১৬	
৩	সাতক্ষীরা, খুলনা, ঝালকাঠী,	সাতক্ষীরা সদর, কলারোয়া, কালীগঞ্জ, দেবহাটা, বাটিয়াঘাটা, ডুমুরিয়া, দাকোপ, পাইকগাছা, কয়রা, ঝালকাঠী সদর।	২৪/৩/২০১৬	২৫/৩/২০১৬	
৪	পটুয়াখালী, পিরোজপুর, চুয়াডাঙ্গা	দুমকী, দশমিনা, বাউফল, মির্জাগঞ্জ, কলাপাড়া, পিরোজপুর সদর, নাজিরপুর, মঠবাড়ীয়া, চুয়াডাঙ্গা সদর, জীবননগর।	২৭/৩/২০১৬	২৮/৩/২০১৬	
৫	ভোলা, মেহেরপুর, বরগুনা, নড়াইল	বোরহানউদ্দিন, চরফ্যাশন, মনপুরা, মেহেরপুর সদর, গাংনী, মজীবনগর, আমতলী, বামনা, লোহাগড়া, নড়াইল সদর, কালীয়া।	২৯/৩/২০১৬	৩০/৩/২০১৬	
৬	বাগেরহাট, বরিশাল	বাগেরহাট সদর, ফকিরহাট, রামপাল, চিতলমারী, কচুয়া, বাবুগঞ্জ, মুলাদী, গৌরনদী, আগৈলঝাড়া, মেহেন্দীগঞ্জ।	৩১/৩/২০১৬	০১/১/২০১৬	

২। সকল উপজেলাকে সংযুক্ত সমস্ত ছক ৩১/১২/১৫ তারিখের তথ্যের ভিত্তিতে ০১ সেট এবং ২৯/০২/২০১৬ তারিখের তথ্যের ভিত্তিতে এক সেট পূরণ করে নিয়ে আসার জন্য বলা হলো। এছাড়া ৩১/১২/১৫ - ২৯/০২/২০১৬ তারিখ ভিত্তিক সকল ব্যাংক হিসাবের ব্যাংক স্ট্যাটমেন্ট, ক্যাশ বই, কর্জ খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ল্যাপটপ, মডেম এবং ডিসেম্বর/২০১৫ ও ফেব্রুয়ারী/২০০৬ মাসের সকল সমিতির পাশ বই অনুযায়ী নির্ভুল সাপ্তাহিক আদায় শীট নিয়ে আসার জন্য বলা হলো।

সংযুক্তিঃ ছক ১,২,৩,৪,৫,৬ এবং চার্ট অব একাউন্টস।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

-----উপজেলা----- জেলা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।

৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।

৫। হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।

৬। অফিস কপি।